

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(রাজস্ব শাখা)
www.sirajganj.gov.bd


নম্বর ৩১.৪৩.৮৮০০.০১৮.২৩.০০৬.২০২৫- ৬০৭

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৭ জুন ২০২৬

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন শাখাসমূহ ও উপজেলা ভূমি অফিসসমূহে ১৬তম গ্রেডের মোট ০৭টি ক্যাটাগরিতে ৫০টি শূন্য পদে জনবল নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ১২/০৬/২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। বিভাগীয় নির্বাচনী বোর্ড (ডিএসবি), রাজশাহী বিভাগ, রাজশাহী নিয়োগের সার্বিক কার্যক্রম পরিচালনা করছেন।

উক্ত নিয়োগ কার্যক্রম স্বচ্ছ ও মেধার ভিত্তিতে অনুষ্ঠিত হবে, বিধায় নিয়োগ সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের কোন কর্মকর্তা/কর্মচারী বা অন্য কারো সাথে কোন ধরনের আর্থিক লেনদেন এবং অনৈতিক তদবির না করার অনুরোধ করা হলো। উল্লেখ্য কারোর বিরুদ্ধে আর্থিক লেনদেন ও অনৈতিক তদবির প্রমাণিত হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোঃ আমিনুল ইসলাম
জেলা প্রশাসক
ফোন: ০২৫৮৮৮৩০৩৩৫
dcsirajganj@mopa.gov.bd